


ডিলার নিয়োগ পুনঃবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুলাউড়া উপজেলাধীন কাদিপুর ইউনিয়নস্থ চুলিপাড়া/পেকুর বাজারে খাদ্যবাহক কর্মসূচির আওতায় চাল বিক্রির জন্য ০১ জন ডিলার নিয়োগ করা হবে। অত্রই ব্যক্তিগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত/যোগ্যতা সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ডিলার নিয়োগের জন্য আবেদনকারীগণের নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে।

- ০১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং তাঁর বয়স ১৬/০৮/২০২০ খ্রিঃ তারিখে কমপক্ষে ১৮ বছর হতে হবে।
- ০২। আবেদনকারীর দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ০৩। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে একসঙ্গে কমপক্ষে ১৫ মেট্রিক টন খাদ্যশস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে।
- ০৪। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের ব্যবসায়ী হিসেবে ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- ০৫। আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল ও খাদ্যশস্যের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ০৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তিকে ডিলার নিয়োগ করা হবে না।
- ০৭। নির্বাচিত ডিলারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (পে-অর্ডার আকারে) এবং ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা দিতে হবে।
- ০৮। কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

আবেদনকারীকে তাঁর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, দোকানের অবস্থান, ধারণ ক্ষমতা উল্লেখ পূর্বক জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, দোকানের মালিকানা/ভাড়ার স্ব-পক্ষে ৩০০/-টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র ইত্যাদি রেকর্ডপত্রের ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি সহ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুলাউড়া বরাবরে লিখিত আবেদন করতে হবে। আবেদন পত্র আগামী ১৬/০৮/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুলাউড়ায় জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। ডিলার নিয়োগের বিষয়ে উপজেলা খাদ্যবাহক কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।



(বিনয় কুমার দেব)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কুলাউড়া, মৌলভীবাজার।

ucfkulaura@gmail.com

তারিখঃ ০৩/০৮/২০২০ খ্রিঃ।

স্মারক নং ১৩.০১.৫৮৬৫.০০৭.৫৭.০০৮.১৯.৩৩১(১৬)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য।

- ০১। মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-০২ সংসদীয় এলাকা ও সম্মানিত প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্যবাহক কমিটি, কুলাউড়া।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া ও সম্মানিত উপদেষ্টা, উপজেলা খাদ্যবাহক কমিটি, কুলাউড়া।
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া ও সভাপতি, উপজেলা খাদ্যবাহক কমিটি, কুলাউড়া। বিজ্ঞপ্তিটি মহোদয়ের কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ০৫-০৯। উপজেলা কর্মকর্তা ও সদস্য উপজেলা খাদ্যবাহক কমিটি। ব্যাপক প্রচারের জন্য।
- ১০। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া ও সদস্য উপজেলা খাদ্যবাহক কমিটি, কুলাউড়া।
- ১১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলাউড়া ও সদস্য উপজেলা খাদ্যবাহক কমিটি, কুলাউড়া।
- ১২-১৩। চেয়ারম্যান ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবাহক কমিটি, কাদিপুর ইউনিয়ন, কুলাউড়া।
- ১৪। প্রতিনিধি সিটিজেন জার্নালিজম গ্রুপ ও সদস্য উপজেলা খাদ্যবাহক কমিটি।
- ১৫। নোটিশ বোর্ড, অত্র দপ্তর/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/সংশ্লিষ্ট ইউনিয়নের নোটিশ বোর্ড।
- ১৬। অফিস কপি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কুলাউড়া, মৌলভীবাজার।